# সাইমুম শিল্পীগোষ্ঠীর পরিবেশনার মধ্য দিয়ে শুরু দিনব্যাপী 'জুলাই পূর্ণজাগরণ' সাংস্কৃতিক উৎসব



সংগৃহীত ছবি

সাইমুম শিল্পীগোষ্ঠীর পরিবেশনার মধ্য দিয়ে জুলাই গণ অভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে বাংলাদেশ সরকারের সংস্কৃতি মন্ত্রণালয় কতৃক আয়োজিত দিনব্যাপী ‘জুলাই পুনর্জাগরণ’ সাংস্কৃতিক উৎসব শুরু হয়েছে।

আজ মঙ্গলবার (৫ আগস্ট) সকাল ১১টায় রাজধানীর মানিক মিয়া এভিনিউতে আয়োজিত এ অনুষ্ঠানে তারা পরিবেশন করেন ওস্তাদ তোফাজ্জেল হোসেনের লেখা প্রেরণামূলক গান— ‘এই দেশ আমার বাংলাদেশ, আমার ভালোবাসা।’

আয়োজকরা জানিয়েছেন, এটি কেবল একটি সাংস্কৃতিক অনুষ্ঠান নয়, বরং একটি প্রজন্মের চেতনাগত পুনর্জন্মের প্রতীক হিসেবে বিবেচিত হচ্ছে। অনুষ্ঠানে পর্যায়ক্রমে দেশের খ্যাতনামা শিল্পীগোষ্ঠী, ব্যান্ড ও একক শিল্পীরা মঞ্চে উঠবেন। থাকবে ধর্মীয় বিরতি, ঐতিহাসিক ‘জুলাই ঘোষণাপত্র’ পাঠ এবং ড্রোননির্ভর বিশেষ নাট্য পরিবেশনা।

রাত ৮টা পর্যন্ত চলবে এই সাংস্কৃতিক পুনর্জাগরণ উৎসব।

LENS ASIA